গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ
**বাজেট-৩ অধিশাখা**
www.mof.gov.bd

নং-০৭.০০.০০০০.১০৩.১৮.০০৩.১৫(অংশ)-৪৮৬

তারিখঃ ৭ পৌষ ১৪২৩
২১ ডিসেম্বর ২০১৬

# পরিপত্র

বিষয়ঃ **হিসাব মহানিয়ন্ত্রক-এর কার্যালয়ের ওয়েবসাইট ব্যবহার করে ট্রেজারি চালানের সঠিকতা যাঁচাই।**

সরকারি আর্থিক ব্যবস্থাপনা ডিজিটালাইজেশনের মাধ্যমে জনগণকে উন্নততর সেবা প্রদানের অংশ হিসেবে ট্রেজারি চালানের সঠিকতা যাঁচাইয়ের জন্য গত সেপ্টেম্বর, ২০১৫ হতে হিসাব মহানিয়ন্ত্রক-এর কার্যালয়ের ওয়েবসাইটে (www.cga.gov.bd) "Online Chalan Verification" শীর্ষক একটি ট্যাব যুক্ত করা হয়েছে, যার মাধ্যমে বাংলাদেশ ব্যাংকের যে কোন শাখা অথবা সোনালী ব্যাংকের মহানগর বা জেলা সদরের যে কোন শাখায় জমাকৃত চালানের সঠিকতা যাঁচাই করা যেত। বর্তমানে এ ব্যবস্থাটিকে সোনালী ব্যাংকের সকল ট্রেজারি শাখায় সম্প্রসারণ করা হয়েছে। এর ফলে, বর্তমানে বাংলাদেশ ব্যাংক বা সোনালী ব্যাংকের যে কোন ট্রেজারি শাখায় জমাকৃত চালানের সঠিকতা এ ব্যবস্থায় খুব সহজেই যাঁচাই করা সম্ভব হবে।

০২। এমতাবস্থায়, সকল সরকারি দপ্তরকে এ পদ্ধতি ব্যবহার করে সকল ট্রেজারি চালানের সঠিকতা যাঁচাই করার জন্য বলা হল।

০৩। ট্রেজারি চালানের মাধ্যমে সরকারি কোষাগারে অর্থ জমা প্রদানকারী কর্তৃক জমাকৃত চালান সংশ্লিষ্ট হিসাবরক্ষণ অফিস হতে যাঁচাই করিয়ে আনার বর্তমান অনুসৃত পদ্ধতি এ পরিপত্র জারীর পর হতে রহিত করা হল। অনলাইনে চালান যাঁচাইয়ের সময় যদি চালানের হার্ডকপি ও অনলাইনে প্রাপ্ত প্রতিবেদনের মধ্যে কোনরূপ অসঙ্গতি দেখা দেয়, কেবলমাত্র সেক্ষেত্রে চালানের সঠিকতা নিশ্চিতকরণের জন্য সংশ্লিষ্ট সরকারি দপ্তর কর্তৃক তা সংশ্লিষ্ট বিভাগীয় হিসাব নিয়ন্ত্রকের কার্যালয়, জেলা হিসাবরক্ষণ কর্মকর্তার কার্যালয় বা উপজেলা হিসাবরক্ষণ কর্মকর্তার কার্যালয়ে প্রেরণ করা যাবে।

০৪। ট্রেজারি চালানের সঠিকতা নিশ্চিত করার দায়িত্ব সংশ্লিষ্ট সরকারি দপ্তরের। এখন হতে চালান যাঁচাই প্রক্রিয়ায় (অনলাইনে বা হিসাবরক্ষণ কর্মকর্তার কার্যালয় হতে ম্যানুয়ালি) কোনক্রমেই চালান প্রদানকারী ব্যক্তিকে সম্পৃক্ত করা যাবে না।


(মোহাম্মদ মুসলিম চৌধুরী)
অতিরিক্ত সচিব
☎ ৯৫১১০৫০
ইমেইলঃ mchowdhury@finance.gov.bd


**বিতরণঃ**

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২. প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও ঢাকা
৩. বাংলাদেশের মহা হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, অডিট ভবন, কাকরাইল, ঢাকা

**(তাঁর আওতাধীন সকল অধিদপ্তর/পরিদপ্তরকে অবহিত করার অনুরোধসহ)**

৪. গভর্নর, বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়, মতিঝিল বা/এ, ঢাকা
**(তাঁর আওতাধীন সকল শাখাকে অবহিত করার অনুরোধসহ)**

৫. সিনিয়র সচিব/ সচিব/ ভারপ্রাপ্ত সচিব, ..........................................................মন্ত্রণালয়/বিভাগ (সকল)
**(তাঁর আওতাধীন সকল অধিদপ্তর/দপ্তর/সংস্থাকে অবহিত করার অনুরোধসহ)**

৬. হিসাব মহানিয়ন্ত্রক, হিসাব মহানিয়ন্ত্রকের কার্যালয়, সেগুনবাগিচা, ঢাকা
**(তাঁর আওতাধীন সকল অফিসকে অবহিত করার অনুরোধসহ)**

৭. কন্ট্রোলার জেনারেল ডিফেন্স ফাইন্যান্স, সেগুনবাগিচা, ঢাকা
**(তাঁর আওতাধীন সকল অফিসকে অবহিত করার অনুরোধসহ)**

৮. অতিরিক্ত মহাপরিচালক (অর্থ), বাংলাদেশ রেলওয়ে, রেল ভবন, ঢাকা
**(তাঁর আওতাধীন সকল অফিসকে অবহিত করার অনুরোধসহ)**

৯. ব্যবস্থাপনা পরিচালক, সোনালী ব্যাংক, প্রধান কার্যালয়, মতিঝিল বা/এ, ঢাকা
**(তাঁর আওতাধীন সকল শাখাকে অবহিত করার অনুরোধসহ)**

১০. কর্মসূচি পরিচালক, সরকারি ব্যয় ব্যবস্থাপনা শক্তিশালীকরণঃ অগ্রাধিকার কার্যাক্রমসমূহের ধারাবাহিকতা রক্ষা কর্মসূচি, অর্থ বিভাগ, সেগুনবাগিচা, ঢাকা

১১. সিনিয়র সিস্টেমস এনালিষ্ট, এফএসএমইউ, অর্থ বিভাগ **(পরিপত্রটি অর্থ বিভাগের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)**

১২. সিনিয়র সচিবের একান্ত সচিব, অর্থ বিভাগ (সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)

১৩. প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, ................................................................ মন্ত্রণালয়/বিভাগ (সকল)